

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৩৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৪. দ্বিতীয় অনুচ্ছেদ - অনুগ্রহ ও স্বজনে সদাচার

আরবী

رُعُن

أبي الطُّفَيْل قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْسِمُ لَحْمًا بِالْجِعْرَانَةِ إِذْ أَقْبَلَتِ امْرَأَةٌ حَتَّى دَنَتْ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَسَطَ لَهَا رِدَاءَهُ فَجَلَسَتْ عَلَيْهِ. فَقُلْتُ: مَنْ هِيَ؟ فَقَالُوا: هِيَ أُمُّهُ الَّتِي أَرْضَعَتْهُ. رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৯৩৭-[২৭] আবুত্ব তুফায়ল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ''জি'রানাহ্'' নামক স্থানে আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মাংস বন্টন করতে দেখলাম। এমন সময় এক মহিলা আগমন করলেন, যখন তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটবর্তী হলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জন্য নিজের চাদর বিছিয়ে দিলেন। তখন তিনি (মহিলা) সেই চাদরের উপর বসলেন। আমি জিজ্ঞেস করলাম, এ মহিলা কে? তাঁরা বলল, ইনি সেই মহিলা, যিনি তাঁকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) শৈশবে স্তন্য পান করিয়েছিলেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৫১৪৪, মুসনাদুল বাযযার ২৭৮১, আল মু'জামুল আওসাত্ব ২৪২৪, আল মুসতাদরাক ৬৫৯৫, য'ঈফ আল আদাবুল মুফরাদ ২০৯।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে ''জা'ফার ইবনু ইয়াহ্ইয়া''-কে 'আলী ইবনুল মাদানী ও ইমাম যাহাবী মাজহূল বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মায়ের প্রতি যে সম্মান দেখালেন তা পৃথিবীবাসীর জন্য



উজ্জ্বল দৃষ্টান্ত। যেখানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার দুধ মায়ের শ্রদ্ধায় নিজের চাদর বিছিয়ে দিলেন। গর্ভধারিণী আপন মায়ের সম্মান আরো কমবেশী হতে পারে।

হাফিয ইবনু হাজার 'আসকালানী (রহিমাহুল্লাহ) বলেনঃ হালিমাতুস্ সা'দিয়াহ্ (রাঃ) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর দুধ মা ছিলেন। তিনি ছিলেন আবূ যু'আয়ব-এর কন্যা, আবূ যু'আয়ব-এর প্রকৃত নাম হলো 'আবদুল্লাহ ইবনু আল-হারিস ইবনু সা'দ ইবনু বকর ইবনু হাওয়াযিন। ইবনু 'আবদুল বার বলেনঃ তিনি নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে শিশুকালে বুকের দুধ পান করানো অবস্থায় নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর এই দুধ মা একবার তার সাথে দেখা করতে আসলেন। নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর গেলেন আর নিজের চাদর বিছিয়ে দিলেন। বিবি হালিমা ঐ চাদরের উপর বসলেন। এ হাদীস নারীর সম্মানে ইসলামের শাশ্বত বিধানের উজ্জ্বল নমুনা। ('আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৫১৩৫)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবুত্ব তুফায়ল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন